

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### সামার লার্নিং অ্যান্ড ফান (সামারে শিক্ষণ এবং আনন্দ)

প্রিয় পরিবারবর্গ এবং কর্মীবৃন্দ,

সামার হলো আরামে সময় কাটানোর একটি সময় এবং [সামার রাইজিং](#)-এর কারণে এটি শিক্ষণ এবং আনন্দ করারও একটি সময়। সিটি জুড়ে, শিক্ষার্থীরা সামাজিক সংযোগ তৈরি করছে, শিক্ষায়তনিকভাবে সমৃদ্ধ হচ্ছে, এবং একই সাথে তাদের সিটিকে আবিষ্কার করছে। প্রোগ্রামটির প্রথম দিনে কুইন্সের MS 210 স্কুল পরিদর্শন করে আমি প্রত্যক্ষ প্রমাণ দিতে পারি যে—প্রাণ চাঞ্চল্য ছিলো রোমাঞ্চকর।

সামার রাইজিং, যা আমরা পরিচালনা করি ডিপার্টমেন্ট অভ ইয়ুথ অ্যান্ড কমিউনিটি ডেভেলপমেন্টের সাথে আংশীদারত্বের মাধ্যমে, সেটি গৎবাঁধা সামার স্কুল থেকে একদম ভিন্ন। একটি নিয়মিত সামার রাইজিংয়ের সত্ত্বে, শিক্ষার্থীরা অভিজ্ঞতা লাভ করে:

- **কঠোর শিক্ষায়তনিক বিষয়:** সকাল বেলা, শিক্ষার্থীরা তাদের গণিত এবং সাক্ষরতা দক্ষতার বিষয়গুলি ঝালাই করে, আমাদের NYCPS শিক্ষকদের থেকে সরাসরি, উচ্চমান সম্পন্ন শিক্ষানির্দেশনা লাভ করে। এটি “সামারের পশ্চাদপসরণ” (গ্রীষ্মের মাসগুলিতে লেখাপড়ায় অনেক সময় শিক্ষার্থীদের ঘাটতি হয়) সেটি লাঘবে এবং সেপ্টেম্বরে স্কুলে ফেরার প্রস্তুতিতে নিয়োজিত হওয়ার জন্য গুরুত্বপূর্ণ। (এর সাথে জড়িত আছে, নিউ ইয়র্ক সিটির লাইব্রেরি সিস্টেম যেখানে রয়েছে শিক্ষার্থী এবং পরিবারের জন্য দেওয়া

কিছু সংখ্যক [সামার-এর বিশেষ সুযোগ](#) - আমি আপনাকে উৎসাহিত করছে সেটি দেখার জন্য।)

- **হাতে-কলমে সমৃদ্ধি এবং অনুসন্ধান:** বিকেলে এবং শুক্রবারগুলিতে, শিক্ষার্থীরা বিভিন্ন কর্মকাণ্ডে অংশগ্রহণ করে যা খেলাধুলা থেকে শিল্পকলা এবং কমিউনিটি পরিষেবা পর্যন্ত বিস্তৃত, এবং এগুলি কমিউনিটি-ভিত্তিক সংগঠন দ্বারা নেতৃত্ব প্রদানকৃত। এই বছর, ফিল্ড ট্রিপগুলিতে অন্তর্ভুক্ত থাকবে কলেজ পরিদর্শন, মিউজিয়াম সফর, খেলাধুলা সংক্রান্ত অনুষ্ঠান (যার মধ্যে আছে MLB-এর সদর দপ্তর পরিভ্রমণ), এবং শিল্প বিষয়ে গভীর অনুসন্ধান (ফাইজারের ইমিউনোলজি সম্পর্কে শিখতে সেন্ট্রাল পার্কের সামারস্টেজটি পর্দার আড়াল থেকে দেখা) আমরা পেশা অনুসন্ধান এবং STEM-এর বিভিন্ন ক্ষেত্রে আলোকপাতের একটি নতুন কেন্দ্র আমাদের মিডল স্কুল অংশগ্রহণকারীদের জন্য যোগ্য করেছি।
- **সামাজিক আবেগজনিত শিক্ষণ:** এই সামারে, আমরা মনোসংযোগের প্রতি গভীর দৃষ্টি নিবদ্ধ করেছি; সামার রাইজিং সাইটগুলি গ্রীষ্ম জুড়ে যোগ্য ব্যায়াম এবং মনোসংযোগ বিষয়ে নির্দেশনা পেয়েছে, এবং এই মাসের প্রথমদিকে 300 টির অধিক ক্লাসরুম যোগ্য ব্যায়াম এবং মনোনিবিষ্ট শ্বাস-প্রশ্বাস অধিবেশনের সরাসরি সম্প্রচারে যোগদান করেছে (যেটি তারা 5 অগাস্ট তারিখে করার আরেকটি সুযোগ পাবে)। CBO-গুলিও তাদের সমৃদ্ধির কর্মকাণ্ডের অংশ হিসেবে সামাজিক-আবেগজনিত শিক্ষণে নেতৃত্ব প্রদান করবে।
- **শারীরিক স্বাস্থ্য ও পুষ্টি:** শিক্ষার্থীরা শুধু খেলাধুলা এবং বিভিন্ন গেম-এর মাধ্যমেই শারীরিক সচতায় সংশ্লিষ্ট হয় না, তারা প্রতিদিন পুষ্টিকর ব্রেকফাস্ট, লাঞ্চ, এবং স্ন্যাক্সও পায়। এছাড়া, যেসব শিক্ষার্থী সামার রাইজিংয়ে অংশগ্রহণ করে না তারাও [গ্রীষ্মের খাদ্য কর্মসূচি](#) এবং যোগ্য হলে, [সামার EBT](#)-এর সুবিধা পেতে পারে।

আমরা সামার রাইজিংয়ের প্রায় আধা-পথ পার হয়ে এসেছি, এবং আমি যারা এ পর্যন্ত এটিতে সফল হয়েছে, তাদের প্রত্যেককে স্বীকৃতি দিতে চাই: আমাদের নিবেদিত কর্মীদেরকে, তাদের কঠোর পরিশ্রমের কারণে প্রোগ্রামটি মসৃণভাবে চলেছে এবং আমাদের পরিবারবর্গকে, যেহেতু এই সামারের মাসগুলিতে তাদের সন্তানদেরকে আমাদের কাছে পাঠানোতে আস্থা রেখেছেন। আপনাদের সকলকে ধন্যবাদ, এবং আপনার সামারের বাকি সময়টা উপভোগ করবেন সে আশাই রাখছি।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের [ইউটিউব পেজ](#) দেখুন।

সর্বসম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে রয়েছে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#)। আপনি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হলে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

অনুবাদিত সাবটাইটেল পেতে: “CC” আইকন-এ ক্লিক করুন। “সেটিং” (Setting) আইকন-এ ক্লিক করুন এবং “Subtitles/CC” বেছে নিন। “Auto Translate” (স্বয়ংক্রিয় অনুবাদ) বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্কাইব](#) করুন।